

বরাবর,  
মাননীয় মন্ত্রী মহোদয়,  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,  
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন ও শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনার ডিজিটাল পদ্ধতি  
স্কুল-কলেজ ম্যানেজমেন্ট সফটওয়্যার বিপণন প্রসঙ্গে।

জনাব,  
শূভেচ্ছা নিবেন। বিনীত নিবেদন এই যে, বাইনারী আইটি একটি সফটওয়্যার কোম্পানী। আমরা বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠন কর্মসূচী বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। ইতোমধ্যে আমাদের প্রতিষ্ঠান দেশীয় প্রেক্ষাপটে অনেকগুলো সফটওয়্যার তৈরি করেছে। এসব সফটওয়্যার ব্যবহার করে যে কোন শিক্ষা প্রতিষ্ঠান/ব্যবসা প্রতিষ্ঠান/শিল্প কারখানা/সরকারী-বেসরকারী অন্যান্য প্রতিষ্ঠান সমূহ সুফল পেতে পারে। এছাড়া আমরা দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থাকে আরও আধুনিকায়ন ও গতিশীল করণের লক্ষ্যে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি করেছি। এর মাধ্যমে একটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল কার্যক্রম যেমন-ছাত্র/ছাত্রী, শিক্ষক/শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের সমস্ত তথ্যাদি ভর্তি, হাজিরা, বেতন-ফি অনলাইন/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আদান-প্রদানসহ আর্থিক কার্যক্রম ও হিসাব-নিকাশ, পরীক্ষার প্রবেশ পত্র, ফলাফল, প্রশংসা পত্র, ছাড়পত্র, প্রত্যায়ন পত্র, টার্মিনাল তৈরি এবং প্রতিষ্ঠানের সকল কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে অনলাইনে খুব সহজেই পরিচালনা করা যাবে।

এই সফটওয়্যারের মাধ্যমে ফিঙ্গার প্রিন্ট (আঙ্গুলের ছাপ) /আর.এফ.আইডি কার্ডের মাধ্যমে শিক্ষার্থীদের হাজিরা গ্রহণ করা যাবে। শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের সাথে সাথে অভিভাবকের মোবাইলে ম্যাসেজ চলে যাবে। আবার শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান থেকে বের হওয়ার সাথে সাথে অভিভাবক আরেকটি ম্যাসেজ পাবেন। এসএমএস নোটিফিকেশন প্রতিটি শিক্ষার্থীর প্রতিদিনের হাজিরা রেজাল্টশীট, ক্লাস রিপোর্টসহ সব কিছুই স্বয়ংক্রিয় ভাবে অভিভাবকগণের কাছে চলে যাবে। প্রতিটি শিক্ষার্থীর ক্লাস রিপোর্ট অভিভাবকের কাছে মোবাইল ম্যাসেসের মাধ্যমে চলে যাবে। এতে করে শিক্ষক ও অভিভাবক প্রতিটি শিক্ষার্থীর লেখাপড়ার মান উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করতে পারবেন।

বিগত ২৬ জুন ২০১৯ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, উন্নয়ন-২ শাখা থেকে (স্মারক নং ৩৮.০০.০০০০.০১০.০২.০১৯.২০১৮-১১২) সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা মেশিন ত্রয়ের লক্ষ্যে নির্দেশনা প্রদান করে একটি প্রজ্ঞাপন জারী করা হয়েছে। আমরা উক্ত প্রজ্ঞাপনের আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন ও টেকনিক্যাল বিষয়ে সহায়তা প্রদানের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করেছি।

অতএব, আপনার কাছে বিনীত অনুরোধ, ডিজিটাল হাজিরা মেশিন ও স্কুল-কলেজ ম্যানেজমেন্ট সফটওয়্যারটি আপনার এলাকার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহে স্থাপন ও বিপণন করার সুযোগ প্রদান করে বাধিত করবেন।

নিবেদক

(মোঃ ইয়াসিন মিয়া)  
সিইও

(আইয়ুব রানা)  
প্রধান সমন্বয়কারী